# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৮২) যে ব্যক্তি গণকের কথা বিশ্বাস করে তার হুকুম কী?

উত্তরঃ যে ব্যক্তি গণকের কথা বিশ্বাস করল সে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর দ্বীনকে অস্বীকার করল। কেননা আল্লাহ্ তাআলা ব্যতীত অন্য কেউ গায়েবের খবর জানে না। আল্লাহ্ তাআ'লা বলেনঃ

قُلْ لاَ يَعْلَمُ مَنْ فِي السَّمَوَاتِ وَالأَرْضِ الْغَيْبَ إِلاَّ اللَّهُ

"হে নবী! আপনি বলুনঃ আকাশমন্ডলী ও পৃথিবীতে কেউ অদৃশ্য বিষয়ের জ্ঞান রাখে না"। (সূরা নামলঃ ৬৫) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

وَعِنْدَهُ مَفَاتِحُ الْغَيْبِ لاَ يَعْلَمُهَا إِلاَّ هُوَ

"আর অদৃশ্যের চাবিকাঠি তাঁরই নিকট রয়েছে। তিনি ছাড়া কেউ জানে না"। (সূরা আনআমঃ ৫৯) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

أَمْ عِنْدَهُمُ الْغَيْبُ فَهُمْ يَكْتُبُونَ

"তাদের কি অদৃশ্যের জ্ঞান আছে, যা তারা লিখে রাখে"? (সূরা কালামঃ ৪৭) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

أَعِنْدَهُ عِلْمُ الْغَيْبِ فَهُوَ يَرَى

"তার নিকটে কি গায়েবের জ্ঞান আছে যে, সে সবকিছু দেখবে?" (সূরা নাজমঃ ৩৫) ) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

وَاللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لاَ تَعْلَمُونَ

"আর আল্লাহ্ অবগত আছেন আর তোমরা অবগত নও"। (সূরা বাকারাঃ ২১৬)

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(مَنْ أَتَى كَاهِنًا فَصَدَّقَهُ بِمَا يَقُولُ فَقَدْ كَفَرَ بِمَا أُنْزِلَ عَلَى مُحَمَّدٍ صلى الله عليه وسلم)

"যে ব্যক্তি কোন গণকের কাছে আসল এবং তার কথা বিশ্বাস করল সে মুহম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর উপর অবতীর্ণ কিতাবকে অস্বীকার করল"।[1] তিনি অন্য এক হাদীছে বলেনঃ

(مَنْ أَتَى عَرَّافًا فَسَأَلَهُ عَنْ شَيْءٍ فَصَدَّقَهُ لَمْ يُقْبَلْ لَهُ صَلاَةٌ أَرْبَعِينَ يَوْمًا)

"যে ব্যক্তি কোন গণকের নিকট এসে তাকে অদৃশ্যের কোন কিছু সম্পর্কে জিজ্ঞেস করল এবং তার কথা সত্য বলে বিশ্বাস করল চল্লিশ দিন পর্যন্ত তার নামায কবুল হবে না"।[2]

## ফুটনোট

[1] - আবু দাউদ, অধ্যায়ঃ কিতাবুত্ তিবব। ইমাম হাকেম হাদীছটি মুস্তাদরাকে উল্লেখ করে বলেনঃ হাদীছটি বুখারী ও মুসলিমের শর্তে সহীহ।

[2] - সহীহ মুসলিম, অধ্যায়ঃ তাহ্রীমুল কুহানাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11996

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন